দামুড়হুদায় আর্জেন্টিনা ভক্তদের এক হাজার ফুট পতাকা বানিয়ে আনন্দ র্যালী

কাতার বিশ্বকাপ আর মাত্র একদিন বাকি ফুটবল বিশ্বকাপের আমেজে দামুড়হুদায় গতকাল শুক্রবার বিকাল ৪ টার দিকে আর্জেন্টিনা ভক্তদের এক হাজার ফুট পতাকা বানিয়ে আনন্দ র্য্যালী ও দেশের বর্তমান প্রজন্মের আধুনিক ম্যাজিশিয়ান যাদু শিল্পী মোহাম্মদ আলীর যাদু পরিদর্শন করেছেন দামুড়হুদা স্টেডিয়াম মাঠে।

১৯৩০ সালে উরুগুয়েতে প্রথম বিশ্বকাপ ফুটবলের প্রতিযোগিতার আয়োজন শুরু হয়। এবার ৯২ বছর বয়সে পা রাখতে যাচ্ছে ফুটবল বিশ্বকাপ আর মাত্র একদিন পরেই শুরু হতে যাচ্ছে ফুটবল বিশ্বকাপ।

আগামীকাল ২০ নভেম্বর রবিবার স্বাগতিক কাতার ও ইকুয়েডরের ম্যাচ দিয়ে পর্দা উঠবে ২০২২ বিশ্বকাপের। দরজায় কড়া নাড়ছে কাতারে শুরু হতে যাওয়া ফিফা ওয়ার্ল্ড কাপ -২০২২ । বিশ্বকাপ ফুটবলের উত্তেজনার ঢেউ দামুড়হুদাতে আছড়ে পড়ছে। দামুড়হুদা উপজেলায় অলিতে গলিতে দেখা যাচ্ছে বিশ্বকাপ ফুটবলের আমেজ। বিশ্বকাপে অংশ নেওয়া বিভিন্ন দেশের পতাকা বিক্রির ধুম পড়েছে। পছন্দের দেশের পতাকা উড়তে শুরু করেছে বাসার ছাদে।বাসা বাড়ির ছাদ, দোকান,গ্রামে গ্রামে ছেয়ে গেছে বিশ্বকাপের ফেভারিট দলগুলোর রঙিন সব পতাকায়।যার বেশিরভাগই আর্জেন্টিনা ও ব্রাজিলের পতাকা। পতাকার পাশাপাশি সামাজিক যোগাযোগ মাধ্যম পাড়া মহল্লা ও চায়ের দোকানে যুক্তিতর্কে মেতে উঠেছে ফুটবল প্রেমীরা। বিশ্বকাপকে সামনে রেখে প্রিয় দলের জার্সি কিনতে খেলাঘর গুলোতে বেড়েছে ক্রেতাদের ভিড়। প্রিয় দলের খেলা উপভোগ করতে ইলেকট্রনিক্স পণ্যের দোকান গুলোতেও টিভি বিক্রির ধুম পড়েছে।

দামুড়হুদায় বিভিন্ন খেলার সামগ্রী বিক্রির দোকানে গিয়ে জানা যায় এখন বিভিন্ন দলের জার্সির চাহিদা বেড়েছে আর্জেন্টিনা ও ব্রাজিলের জার্সি চাহিদা একটু বেশি।

জানা যায় দামুড়হুদায় শুভ’র উদ্যোগে “১৫ মেসি সংগঠন” এর পক্ষ থেকে বন্ধুদের নিয়ে এবং চুয়াডাঙ্গা, দর্শনা, মেহেরপুর, ঝিনাইদহ, মাগুরা, সহ বিভিন্ন জেলা উপজেলা থেকে আগত মেসির শত শত ভক্তদের